ভোরের কাগজ

তারিখ 07-JUL 1998
পৃষ্ঠা ১২ কলাম ৬

# ভুয়া মাদ্রাসা সনাক্তকরণে জরিপের উদ্যোগ

**ইব্রাহিম আজাদ :** মাদ্রাসা শিক্ষা উন্নয়নের লক্ষ্যে ভুয়া মাদ্রাসা সনাক্তকরণে সরকার সরকারি অনুদান ও স্বীকৃতিপ্রাপ্ত সকল মাদ্রাসা জরিপের উদ্যোগ নিয়েছে। সম্প্রতি এজন্য দেশের মোট ৪৬০টি থানার থানা নির্বাহী কর্মকর্তাদেরকে আহ্বায়ক করে গঠিত হয়েছে তিন সদস্যের একটি করে পরিদর্শন টিম। আগামী দুমাসের মধ্যে এই টিমকে জরিপের রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সরকারি অনুদান ও স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসাগুলোর মধ্যে অনেক মাদ্রাসার কোন অস্তিত্ব নেই। কিন্তু এ সব অস্তিত্বহীন তথা ভুয়া মাদ্রাসার নামে প্রতিবছর লাখ লাখ টাকার সরকারি অনুদান লোপাট করছে মাদ্রাসা শিক্ষা বোর্ডের সঙ্গে সংশ্লিষ্ট একটি চক্র। বিভিন্ন সময়ে বিচ্ছিন্নভাবে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে গঠিত বিভিন্ন কমিটির তদন্তেও তা প্রমাণিত হয়েছে। ফলে মাদ্রাসা শিক্ষার যুগোপযোগী উন্নয়নে ভুয়া মাদ্রাসা সনাক্ত করার লক্ষ্যে সরকার এই জরিপ কার্যক্রম হাতে নিয়েছে।

উল্লেখ্য, বর্তমানে সরকারি অনুদান ও স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসার সংখ্যা ১৫ হাজার ৫৪১ টি। এর মধ্যে এবতেদায়ি মাদ্রাসার সংখ্যা ৯ হাজার ৫৬১, দাখিল ৪হাজার ১২১, আলেম ৮৭১, ফাজিল ৮৮১ এবং কামিল মাদ্রাসার সাংখ্যা ১০৭টি। মহিলা মাদ্রাসার সংখ্যা ৩৫টি।

সূত্র জানায়, থানা নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে গঠিত এই পরিদর্শন টিমের অন্য দুসদস্য হলেন থানা প্রকৌশলী (ফ্যাসিলিটিজ বিভাগ) এবং থানা শিক্ষা অফিসার। মেট্রোপলিটন এলাকার পরিদর্শন টিমের আহ্বায়ক থাকবেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)। অপর দুসদস্য হবেন ফ্যাসিলিটিজ বিভাগের সহ প্রকৌশলী এবং জেলা শিক্ষা অফিসার। এই পরিদর্শন টিম তাদের পরিদর্শনকৃত এলাকায় মোট স্বীকৃতপ্রাপ্ত মাদ্রাসার সংখ্যা, অনুদান প্রাপ্ত মাদ্রাসার সংখ্যা; শুধু খোলার অনুমতিপ্রাপ্ত মাদ্রাসার সংখ্যা, স্বীকৃতির নীতিমালা লংঘন করে স্থাপিত মাদ্রাসার সংখ্যাসহ ঐ এলাকার সার্বিক প্রতিবেদনও দাখিল করবে। এছাড়া কোনো মাদ্রাসা স্বীকৃতির নীতিমালা লংঘন করে স্বীকৃতি পেয়ে থাকলে তার কারণ উদঘাটন করে দায়দায়িত্বও নিরূপণ করবে। যাতে পরবর্তী সময়ে এ ব্যাপারে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া সম্ভব হয়।